মেহেরপুরের পিরোজপুরে ইউনিয়ন যুবদলের আলোচনা সভা অনুষ্ঠিত

দলকে সুসংগঠিত ও ঐক্য ধরে রাখার জন্য মেহেরপুর সদর উপজেলার পিরোজপুরে ইউনিয়ন যুবদলের আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বিকেল সাড়ে ৫টায় পিরোজপুর হাট প্রাঙ্গণে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

পিরোজপুর ইউনিয়ন যুবদল আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন, মেহেরপুর জেলা যুবদল সভাপতি জাহিদুল হক জাহিদ, বিশেষ অতিথি পিরোজপুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান শামসুল আলম খান। ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক মিয়ারুল ইসলামের সঞ্চালনায় প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর সদর উপজেলা যুবদলের সদস্য সচিব কামরুজ্জামান বিপ্লব। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, পিরোজপুর ইউনিয়ন যুবদলের সভাপতি নুরুল ইসলাম।

বক্তারা বলেন, দলকে সংগঠিত ও দলের আভ্যন্তরীণ ঐক্য ধরে রাখার জন্য আমাদের সকলকে এক হয়ে কাজ করতে হবে। এ সময় উপস্থিত ছিলেন, ইউনিয়ন বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক লস্কর আলী, কৃষক দলের সভাপতি আানারুল ইসলাম ও সাধারণ সম্পাদক রফিক আলী সহ বিভিন্ন অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ।

বেগম খালেদা জিয়া সারাজীবন জনগণের পক্ষেই সংগ্রাম করেছেন

জনগণের স্বার্থে বিএনপি’র অপশক্তিকে যেমন আমরা রুখব, তেমনি যারা নির্বাচন বানচাল করতে চায় তাদের বিরুদ্ধেও রাজপথে দাঁড়াতে হবে। বেগম খালেদা জিয়া সারাজীবন জনগণের পক্ষেই সংগ্রাম করেছেন। তাঁর জন্মদিনে, এই শুভ দিনে, এই অঙ্গীকার আমাদের করা উচিত গণতন্ত্র পুনরুদ্ধার ছাড়া, মানুষের ভোট ও ভাতের অধিকার প্রতিষ্ঠা ছাড়া, রাজপথ থেকে আমরা সরে যাব না।

গতকাল শুক্রবার বিকেলে পৌর কমিউনিটি সেন্টারে বিএনপি’র চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার ৮০তম জন্মবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিলে সভাপতির বক্তব্যে বিএনপি’র কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য ও সাবেক এমপি মাসুদ অরুন এ কথা বলেন।

তিনি আরো বলেন, অপশক্তিকে কমিটি দেওয়া হয়েছে, যারা আওয়ামী লীগকে পুনর্বাসন করছে। একদিন হুকুম দিলে কেউ বাড়িতে ঘুমিয়ে থাকতে পারবে না। এই অপশক্তির পাশাপাশি আরেকটি শক্তি আছে, যারা নির্বাচনকে বানচাল করতে চায়। ১৭ বছর যে নির্বাচনের জন্য আমরা জেল-জুলুম খেটেছি, ৫০ লক্ষ বিএনপি’র নেতা-কর্মী জেল-জুলুমের শিকার হয়েছে সেই নির্বাচনের সুযোগ যেন আমাদের কোনো ভুল সিদ্ধান্তে হাতছাড়া না হয়, জনগণ যেন ভোটাধিকার থেকে বঞ্চিত না হয় এ ব্যাপারে খেয়াল রাখতে হবে।

কোনো কিছুতেই আমাদের দমানো যাবে না। দুই-একজন বিক্রি হবে এটা অস্বাভাবিক কিছু নয়। ১২৭টি গ্রামে তিনজন বিক্রি হয়েছে সেই বিক্রিতে কারা কারা আছে পচা মাল, ভালো মাল সব আপনারা জানেন।

জেলা বিএনপি আয়োজিত আলোচনা সভা ও দোয়া মাহফিলে জেলা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক জাহাঙ্গীর বিশ্বাস, সদর উপজেলা বিএনপি’র সাবেক সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন, সাবেক সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, মুজিবনগর উপজেলা বিএনপি’র সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, সদর উপজেলা বিএনপি’র সাবেক সাংগঠনিক সম্পাদক আরজুল্লাহ মাস্টার বাবলু, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজিসহ বিএনপি’র অঙ্গসংগঠনের বিভিন্ন স্তরের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

আলোচনা সভার পরে খালেদা জিয়ার সুস্থতা ও দীর্ঘায়ু কামনায় বিশেষ দোয়া মোনাজাত করা হয়।

মুজিবনগরে বেগম খালেদা জিয়ার জন্মবার্ষিকী আলোচনা সভা

মুজিবনগরে বিএনপি’র চেয়ারপার্সন দেশনেত্রী বেগম খালেদা জিয়ার ৮০তম জন্মবার্ষিকীতে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার রাত নয়টার সময় উপজেলার কেদারগঞ্জ বাজারের মোল্লা মার্কেটে অবস্থিত উপজেলা বিএনপি’র কার্যালয়ে এই আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

আলোচনা সভা ও দোয়া মাহফিলে জেলা বিএনপি’র সাবেক সাংগঠনিক সম্পাদক ও বর্তমান জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য আব্দুর রশিদের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বিএনপি’র কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য মেহেরপুর জেলা বিএনপি’র সাবেক সভাপতি মেহেরপুর ১ আসনের সাবেক সংসদ সদস্য বর্তমান জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য মাসুদ অরুন।

আলোচনা ও দোয়া মাহফিলে উপস্থিত ছিলেন, মোনাখালী ইউনিয়ন বিএনপি’র সাবেক সহ-সভাপতি মজনু মিয়া, জেলা স্বেচ্ছাসেবক দলের সাবেক সহ-সভাপতি আজিম উদ্দিন গাজী, উপজেলা কৃষকদলের সিনিয়র সহ সভাপতি ও সাবেক মেম্বার রমজান আলী, উপজেলা কৃষকদলের সভাপতি আরমান আলি, সাধারণ সম্পাদক কুন্নুত আলী, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাবেদ সেনজিরসহ উপজেলা বিএনপি’র নেতাকর্মীবৃন্দ।

ঝিনাইদহে আলোচনা সভা ও রচনা প্রতিযোগিতা

‘তারুণ্যের একতা গড়বে আগামীর শুদ্ধতা’ এ শ্লোগানে ঝিনাইদহে জুলাই গণঅভ্যুত্থানে ছাত্র সমাজের ভুমিকা শীর্ষক আলোচনা সভা ও রচনা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার দুপুরে ঝিনাইদহের কাঞ্চনগর মডেল স্কুল এন্ড কলেজে এ

অনুষ্ঠানের আয়োজন করে দুদক সমন্বিত জেলা কার্যালয় ও জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি।

কাঞ্চনগর মডেল স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ প্রদীপ কুমার বিশ্বাসের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন দুদুকের সহকারী পরিচালক বজলুর রহমান। বিশেষ অতিথি ছিলেন দুর্নীতি প্রতিরোধ কমিটি (দুপ্রক) জেলা কমিটির সাবেক সাধারণ সম্পাদক এন এম শাহজালাল, সহ-সভাপতি আমিনুর রহমান টুকু, বর্তমান কমিটির সাধারণ সম্পাদক বাবলু কুন্ডু, সদস্য সুষেন্দু কুমার ভৌমিক, রুহুল আমিন, সাইদুর রহমান, তরিকুল ইসলাম রনি। অনুষ্ঠানে আলোচনা সভা শেষে রচনা প্রতিযোগিতায় অংশ নেওয়া বিজয়ীদের মাঝে পুরস্কার ও শিক্ষা উপকরণ বিতরণ করা হয়।

এর আগে স্কুল প্রাঙ্গণে রচনা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এতে ৮ টি বিদ্যালয়ের ৬৭ জন শিক্ষার্থী অংশ নেয়।

মুজিবনগর বিএনপি’র নির্বাচন বিষয়ক আলোচনা সভা

আগামী নির্বাচনকে সামনে রেখে মুজিবনগর উপজেলা বিএনপি’র কার্যালয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার রাত ৯ টায় মুজিবনগর উপজেলার কেদারগঞ্জ বাজারে রামনগর মোড মোল্লা মার্কেটে অবস্হিত উপজেলা বিএনপি’র কার্যালয়ে জেলা বিএনপি’র সাবেক সাংগঠনিক সম্পাদক বর্তমান জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য আব্দুর রশিদের সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেনপুর জেলা বিএনপি’র সাবেক সভাপতি এবং ১ আসনের সাবেক সংসদ সদস্য জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য মাসুদ অরুণ।

এছাড়া উপস্থিত ছিলেন, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাবেদ সেনজির,

মুজিবনগর মুজিবনগর উপজেলা কৃষক দলের সভাপতি আরমান আলী, মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক দলের সহ-সভাপতি আজিম উদ্দিন গাজী, মুজিবনগর উপজেলা কৃষক দলের সিনিয়র সহ-সভাপতি রমজান আলীসহ মুজিবনগর উপজেলা বিএনপি’র বিভিন্ন পর্যায়ের নেতা কর্মীবৃন্দ।

আমঝুপি ইউনিয়নের নবগঠিত ওয়ার্ড কমিটির মতবিনিময় ও আলোচনা সভা

আমঝুপি ইউনিয়ন নবগঠিত ওয়ার্ড কমিটির সুপারফাইভ বিএনপি সকল সদস্যদের সঙ্গে মতবিনিময় ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সকাল ১০ টার সময় আমঝুপি ইউনিয়ন বিএনপি’র নিজস্ব কার্যালয়ে অনুষ্ঠানের সভাপতিত্ব করেন আমঝুপি নবগঠিত ইউনিয়ন সভাপতি সাবেক প্রভাসক জাহির হোসেন চঞ্চল। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক অধ্যাপক ফয়েজ মোহাম্মদ, জেলা বিএনপি’র সদস্য ওমর ফারুক লিটন, মেহেরপুর জেলা জাসাসের সদস্য সচিব বাঁকা বিল্লাহ, জেলার সাবেক সাংগঠনিক সম্পাদক কাজী মিজানুর রহমান মেনন সহ আমঝুপি ইউনিয়নের সভাপতি সেক্রেটারি সহ সুপারফাইভ সকল সদস্যগণ উপস্থিত ছিলেন।

বিএনপি’র নেতাকর্মীরা বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনা করেন এবং আগামী দিনের রাষ্ট্রনায়ক ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নেতৃত্বে দেশ পুনর্গঠন হবে বলে আশা ব্যক্ত করেন বক্তারা ।

দামুড়হুদায় বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা

বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে দামুড়হুদায় র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার সকাল ১০টার দিকে “প্লাস্টিক দূষণ আর নয়, বন্ধ করার এখনই সময়” এই স্লোগানকে সামনে রেখে উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদ চত্বর থেকে একটি র্যালি বের করা হয়। র্যালি শেষে পরিষদের সভাকক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা তিথি মিত্রের সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) কে. এইচ. তাসফিকুর রহমান, সমাজসেবা কর্মকর্তা তোফাজ্জল হক, উপজেলা প্রকৌশলী আব্দুর রশিদ, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি শামসুজোহা পলাশ, মৎস্য কর্মকর্তা বিল্লাল হোসেন, কৃষি সম্প্রসারণ কর্মকর্তা আল সাবাহ, একাডেমি মাধ্যমিক স্কুলের সুপারভাইজার রাফিজুল ইসলামসহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ ও আমন্ত্রিত অতিথিরা।

আলোচনা সভায় বক্তারা বিশ্ব পরিবেশ দিবসের গুরুত্ব তুলে ধরে বলেন, পরিবেশ সুস্থ না থাকলে আমরা কেউ সুস্থ থাকতে পারব না। বর্তমানে প্লাস্টিক দূষণ আশঙ্কাজনক হারে বেড়ে যাওয়ায় আমাদের চারপাশের পরিবেশ মারাত্মক হুমকির মুখে পড়েছে। ক্ষুদ্র বা মাইক্রো প্লাস্টিক কণাগুলো বিভিন্ন মাধ্যমে আমাদের শরীরে প্রবেশ করে ক্যানসার, স্ট্রোক, কিডনি ড্যামেজসহ নানা দুরারোগ্য ব্যাধির সৃষ্টি করছে।

তারা আরও বলেন, প্লাস্টিক বর্জ্য অবশ্যই নির্দিষ্ট জায়গায় ফেলতে হবে এবং তা রিসাইক্লিংয়ের মাধ্যমে পুনঃব্যবহারের ব্যবস্থা করতে হবে। এছাড়া ইটভাটা বন্ধ না করলে একদিকে উর্বর ফসলি জমি নষ্ট হচ্ছে, অন্যদিকে ইটভাটার ধোঁয়ায় পরিবেশ মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। তাই নিয়ম মেনে ইটভাটা পরিচালনা করতে হবে। কীটনাশক ব্যবহারেও সতর্কতা অবলম্বন করতে হবে যাতে পরিবেশের ক্ষতি না হয়।

তারা ইলেকট্রনিক বর্জ্যও নির্দিষ্ট স্থানে ফেলার ওপর গুরুত্বারোপ করেন এবং তা রিসাইক্লিংয়ের মাধ্যমে পুনঃব্যবহারের উপযোগী করে পরিবেশ রক্ষার আহ্বান জানান।

দামুড়হুদায় ভূমি মেলা উপলক্ষে র্যালি ও আলোচনা সভা

দামুড়হুদায় ভূৃমি মেলা উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রোববার সকাল সাড়ে ৯ টার দিকে ” নিয়মিত ভূমি উন্নয়ন কর প্রদান করি নিজের জমি সুরক্ষিত রাখি “এই স্লোগানকে সামনে রেখে দামুড়হুদা উপজেলা ভূমি প্রশাসনের আয়োজনে এবং ভূমি মন্ত্রণালয়, ভূমি সংস্কার বোর্ড ও ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্পের সহযোগীতায় এই র্যলি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা সহকারী কমিশনার (ভূমি) কে এইচ তাসফিকুর রহমানের সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন, উপজেলা মৎস্য কর্মকর্তা বিল্লাল হোসেন, দামুড়হুদা মডেল থানার পুলিশ পরিদর্শক অপারেশন হিমেল রানা, দামুড়হুদা মডেল মসজিদের ইমাম ও খতিব মুফতি মাওলানা মামুনুর রশীদ, দামুড়হুদা উপজেলা বিএনপির যুগ্ন-সাধারণ সম্পাদক মন্টু মিয়া, উপজেলা জামাত ইসলামির সেক্রেটারী জেনারেল আবেদ – ঊদ – দৌলা টিটন, সার্ভেয়ার সুজন মোলা, প্রধান সহকারী সোহেল রানা, কম্পিউটার অপারেটর মশিউর রহমান, সার্টিপিকেট পেশকার আনিসুর রহমান, সায়রাত সহকারী শহিরুল ইসলামসহ উপজেলার সাত ইউনিয়নের সহকারী ভূমি কর্মকর্তাগণ।

মুজিবনগরে জাতীয় স্থানীয় সরকার দিবস পালিত

“তরুণদের দেশ গড়ার অঙ্গীকার জনসেবায় স্থানীয় সরকার” এই প্রতিপাদ্যে মুজিবনগরে পালিত হয়েছে জাতীয় স্থানীয় সরকার দিবস-

২০২৫ উদযাপন উপলক্ষ্যে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

দিবসটি উপলক্ষে আজ মঙ্গলবার সকাল ১১ টার সময় উপজেলা পরিষদ চত্তর থেকে উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে একটি বর্ণাঢ্য র্যালি বের হয় র্যালীটি প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত আলোচনা সভায় যোগদান করেন।

উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডলের সভাপতিত্বে, জাতীয় স্থানীয় সরকার দিবসের আলোচনা সভা ও র্যালীতে উপস্থিত ছিলেন, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সি ওমর ফারুক প্রিন্স, মুজিবনগর থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) জাকির হোসেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মামুন উদ্দিন আল আজাদ, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার হাফিজুর রহমান, উপজেলা জনসাস্থ্য প্রকৌশল কর্মকর্তা,

মুজিবনগর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা লালটু মিয়া, উপজেলা সমবায় কর্মকর্তা মাহাবুবুল হক মন্টু, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা ফেরদৌস আরা সহ উপজেলার বীর মুক্তিযোদ্ধা, উপজেলা পরিষদের কর্মকর্তা কর্মচারি এবং সকল ইউনিয়ন পরিষদের সচিব, কম্পিউটার অপারেটর, গ্রাম পুলিশের সদস্য ও স্কুলের ছাত্রছাত্রী বৃন্দ।

মুজিবনগরের দারিয়াপুর ইউনিয়নে জেলা বিএনপির আলোচনা সভা

মেহেরপুর জেলা বিএনপি’র নবগঠিত আহবায়ক কমিটির নির্দেশে দলকে সুসংগঠিত করার লক্ষ্যে দারিয়াপুর ইউনিয়ন বিএনপি’র কার্যালয় উদ্বোধন ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে ।

আজ মঙ্গলবার (৩১ ডিসেম্বর) বিকেলে দারিয়াপুর বাজারে এই আলোচনা সভার আয়োজন করা হয়।

দারিয়াপুর ইউনিয়ন বিএনপির ভারপ্রাপ্ত সভাপতি শামসুজ্জোহা (মাস্টার) এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির আহবায়ক জাভেদ মাসুদ মিল্টন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সদস্য সচিব এডভোকেট কামরুল হাসান।

প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সিনিয়র যুগ্ম আহবায়ক আমিরুল ইসলাম।

মুজিবনগর উপজেলা যুবদলের সদস্য সচিব আনোয়ারুল ইসলামের সঞ্চালনায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপি’র সাবেক সহ-সভাপতি আনছা-উল -হক, সাবেক সহ সভাপতি হাফিজুর রহমান হাফি, সাবেক সহ সভাপতি এম এ কে খাইরুল বাশার, সাবেক সহ-সভাপতি ওমর ফারুক লিটন, সাবেক সাংগঠনিক সম্পাদক রুমানা আহমেদ, সহ সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, সাবেক সহ-সাংগঠনিক সম্পাদক রেজাউল করিম, পৌরসভার সাবেক সাধারণ সম্পাদক আলমগীর হোসেন, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহ, জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাউসার আহমেদ, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু, জেলা যুবদলের আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, জেলা যুবদলের সাংস্কৃতিক সম্পাদক আসাদুজ্জামান জনি, জেলা ছাত্রদলের সাবেক সহ-সভাপতি ফিরোজুর রহমান,আব্দুল লতিফ, মোশিউল আলম দিপু, নাহিদ আহম্মেদ সহ জেলা বিএনপি’র অঙ্গসংগঠনের বিভিন্ন নেতৃবৃন্দ ও সাধারণ মানুষেরা।

পরে দারিয়াপুর ইউনিয়ন বিএনপির প্রধান কার্যালয়ে উদ্বোধন করেন উপস্থিত অতিথিবিন্দুরা।